দৈনিক সংবাদ

তারিখ ... 07 DEC 1995 ... ...
পৃষ্ঠা ... ১৫ ... কলাম ... ৭ ......

18

# টাকা আত্মসাতের দায়ে প্রধান শিক্ষকের বিরুদ্ধে মমলা দায়ের-

সিরাজগঞ্জ, ৬ই ডিসেম্বর (নিজস্ব সংবাদদাতা)।- ৬ জন ভুয়া শিক্ষক ও আয়ার নামে সরকারি অনুদানের ১১ লাখ টাকা আত্মসাৎ করায় টেংলাহাটা হাই স্কুলের প্রধান শিক্ষক আমির হোসেনের বিরুদ্ধে আদালতে মামলা হয়েছে। দুর্নীতি দমন বিভাগ তদন্ত করে মামলা দায়ের করে। এরপর থেকেই প্রধান শিক্ষক পলাতক রয়েছেন।

স্কুলের ৪ জন শিক্ষক এবং ২ জন ভুয়া আয়া দেখিয়ে দীর্ঘদিন তিনি উল্লেখিত টাকা আত্মসাৎ করেন। সরকারি অনুদানের টাকা তিনি সোনালী ব্যাংক কাজিপুর শাখা থেকে উঠিয়ে নিয়েছেন। যে সব শিক্ষক এবং আয়ার নামে তিনি টাকা আত্মসাৎ করেছেন প্রকৃতপক্ষে উল্লেখিত নামে স্কুলে কোন শিক্ষক ও আয়া নেই।

জেলা দুর্নীতি বিভাগ একটি অভিযোগ পাবার পর তদন্ত শুরু করে। তারা এ ব্যাপারে প্রয়োজনীয় প্রমাণ সংগ্রহ করে আদালতে মামলা দায়ের করে। মামলা দায়েরের আগেই প্রধান শিক্ষক কয়েক লাখ টাকা ফেরত দিয়েছেন বলে একটি সূত্র জানায়।